**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৮৫

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
০১ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর নবনিযুক্ত চেয়ারম্যান অদ্য ০১/০৬/২০২০ তারিখে গভর্ণর, বাংলাদেশ ব্যাংক (বিবি) এর সাথে ব্যাংকের বোর্ড রুমে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

সর্ব প্রথমে বাংলাদেশ ব্যাংক এর মাননীয় গভর্ণর মহোদয়, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান মহোদয়কে উষ্ণ অভ্যর্থনা জানান এবং ফুলের তোড়া দিয়ে তাঁকে সাদরে গ্রহণ করেন। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর চেয়ারম্যান মহোদয় বাংলাদেশ ব্যাংক এর গভর্ণর মহোদয়কে সৌজন্য সাক্ষাতে তাঁকে আমন্ত্রণ জানানোর জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। নবগঠিত কমিশনের সাথে বাংলাদেশ ব্যাংক এর এটি প্রথম সৌজন্য সাক্ষাৎ হলেও বর্তমানে দেশের কোভিড-১৯ পরিস্থিতির প্রেক্ষিতে সার্বিক অবস্থা নিয়ে সভায় আলোচনা হয়। চেয়ারম্যান, বিএসইসি উল্লেখ করেন অর্থ বাজার ও পুঁজিবাজার অর্থনীতির মূল চালিকা শক্তি বিধায় উভয় বাজারে সম্মিলিত প্রয়াসের মাধ্যমে দেশের অর্থনীতিকে এগিয়ে নিতে হবে। তিনি আরও উল্লেখ করেন, বর্তমান কোভিড-১৯ এর মত কঠিন পরিস্থিতিতে দেশের অর্থনীতিকে চলমান রাখতে বাংলাদেশ ব্যাংক এর ভূমিকা অত্যন্ত প্রশংসনীয়। দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য সবাইকে একই উদ্দেশ্য নিয়ে কাজ করার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।

আলোচনায় অন্যান্যের মধ্যে বিএসইসির চেয়ারম্যান তিনটি বিষয় বিশেষভাবে উল্লেখ করেন। প্রথমতঃ সম্প্রতি পুঁজিবাজারে বিনিয়োগের জন্য বাণিজ্যিক ব্যাংকগুলোকে ২০০ কোটি টাকার তহবিল গঠনে বাংলাদেশ ব্যাংক গত ১০/০২/২০২০ তারিখে ডিওএস সার্কুলার-১ এর মাধ্যমে যে সুযোগ দিয়েছে, সে ক্ষেত্রে মাত্র ২টি বাণিজ্যিক ব্যাংক এ তহবিল থেকে আংশিক অর্থ পুঁজিবাজারে বিনিয়োগ করেছে। এছাড়া অন্য ৮টি বাণিজ্যিক ব্যাংক তাদের বোর্ড মিটিং এর মাধ্যমে উক্ত তহবিল গঠনের অনুমোদন নিলেও পুঁজিবাজারে বিনিয়োগে এগিয়ে আসেনি। এ বিষয়ে তিনি বাংলাদেশ ব্যাংক এর সদয় হস্তক্ষেপ কামনা করেন।

দ্বিতীয়তঃ সম্প্রতি গত ১১ মে ২০২০ তারিখে বাংলাদেশ ব্যাংক এর ডিওএস সার্কুলার নং- ৩ এর মাধ্যমে ব্যাংকগুলির ২০১৯ সনের জন্য শেয়ারের বিপরীতে লভ্যাংশ ঘোষণা ও এই সংক্রান্ত নীতিমালা জারী করে। এর পরিপ্রেক্ষিতে ২০১৯ সনের সমাপ্ত বছরের জন্য ঘোষিত নগদ লভ্যাংশ ৩০ সেপ্টেম্বর ২০২০ এর পূর্বে বিতরণ করা যাবে না মর্মে উক্ত সার্কুলারে উল্লেখ করা হয়েছে। চেয়ারম্যান, বিএসইসি ঘোষিত লভ্যাংশ যাতে ক্ষুদ্র বিনিয়োগকারীরা অবিলম্বে পায় সে বিষয়ে বাংলাদেশ ব্যাংক এর গভর্ণর মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। বাংলাদেশ ব্যাংক বিষয়টি বিবেচনা করছে মর্মে গভর্ণর মহোদয় সভায় আশ্বাস দেন।

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

তৃতীয়তঃ ব্যাংক থেকে গৃহীত ঋণ এর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর সম্প্রতি প্রকাশিত সার্কুলার বিআরবিডি নং-১১, তারিখ ০৩/০৫/২০২০ অনুযায়ী এপ্রিল ও মে মাসের সুদ স্থগিত করা হয়েছে। যা মার্চেন্ট ব্যাংক ও বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রেও প্রযোজ্য করার ক্ষেত্রে চেয়ারম্যান, বিএসইসি অনুরোধ জানান। এর প্রেক্ষিতে গভর্ণর, বাংলাদেশ ব্যাংক জানান যে, মার্চেন্ট ব্যাংক ও বাজার মধ্যস্থতাকারীদের ক্ষেত্রেও এপ্রিল ও মে মাসের সুদ স্থগিতের সুবিধা প্রযোজ্য হবে। এছাড়াও সার্কুলারের আওতায় ভবিষ্যতে প্রদত্ত সুবিধার ক্ষেত্রেও মার্চেন্ট ব্যাংক ও বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানগুলি অন্তর্ভূক্ত হবে।

এছাড়াও বিএসইসি এবং বিবি এর মধ্যে সমন্বয় আরো জোরদার করার লক্ষ্যে একটি সমন্বয় কমিটি গঠন করার বিষয়ে আলোচনা হয় এবং উক্ত কমিটিতে কমিশনের পক্ষ থেকে ড. শেখ শামসুদ্দিন আহমেদ, কমিশনার, বিএসইসি কে ফোকাল পয়েন্ট হিসেবে প্রস্তাব করা হয়। এই সমন্বয় কমিটির প্রস্তাবে বিবি এর গভর্ণর মহোদয় সম্মতি প্রদান করেন। কমিটিতে বিবি এর ফোকাল পয়েন্ট হিসেবে জনাব মোঃ মাসুদ বিশ্বাস, নির্বাহী পরিচালক প্রতিনিধিত্ব করবেন বলেও জানান হয়। এছাড়া উক্ত কমিটি, প্রথম তিন মাসের প্রতি মাসে এবং পরবর্তীতে প্রতি দুই মাস অন্তর সভায় মিলিত হবেন মর্মেও সিদ্ধান্ত হয়।

আলোচনায় বাংলাদেশ ব্যাংক ডেরিভেটিভস্, বন্ড, লভ্যাংশ বিতরণসহ বিভিন্ন সভার বাধ্যবাধকতার বিষয়ে আইনগত জটিলতা নিরসনের লক্ষ্যে বিএসইসি এর সহায়তা কামনা করেন এবং বিএসইসি এ বিষয়ে পূর্ণ সহযোগিতার আশ্বাস প্রদান করে।

বর্ণিত সভায় বিএসইসির পক্ষ থেকে আরও উপস্থিত ছিলেন জনাব খোন্দকার কামালউজ্জামান, কমিশনার, ড. শেখ শামসুদ্দিন আহমেদ, কমিশনার এবং জনাব মোঃ সাইফুর রহমান, নির্বাহী পরিচালক। সভায় বাংলাদেশ ব্যাংক এর পক্ষ থেকে আরও উপস্থিত ছিলেন জনাব এস, এম, মনিরুজ্জামান, ডেপুটি গভর্ণর, জনাব আহমেদ জামাল, ডেপুটি গভর্ণর, আল্লাহ মালিক কাজেমি, অ্যাডভাইজার, জনাব সিরাজুল ইসলাম, নির্বাহী পরিচালক, জনাব মোঃ মাসুদ বিশ্বাস, নির্বাহী পরিচালক, জনাব আবু ফারাহ মোঃ নাসের, নির্বাহী পরিচালক এবং জনাব মোঃ আমিনুর রহমান চৌধুরী, উপ-মহাব্যবস্থাপক।

সভার শেষে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে গভর্ণর, বাংলাদেশ ব্যাংক এবং চেয়ারম্যান, বিএসইসি ভবিষ্যতে এই দুই প্রতিষ্ঠান আরও সম্পৃক্ত হয়ে দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

০৭/০৫/২০২০
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।







